Hasnat Bangla

পরীক্ষার নাম: খ-ইউনিট ২০১৫-১৬
সময়: ৩০ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 25 টি | মোট নম্বর: 25 × 1 = 25
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) **Reflection on the Revolution in France** গ্রন্থের লেখকের নাম- (বাংলা)
A). রিচার্ড বার্ক
B). ভলতেয়ার
C). এডমন্ড বার্ক
D). পার্ল এস বার্ক
সঠিক উত্তরঃ C). এডমন্ড বার্ক,

2) □কিন্তু মৃত্যুঞ্জয় তো পল্লীগ্রামেরই ছেলে, পাড়াগাঁয়ের....তো মানুষ।□ □বিলাসী□ গল্পের এ বাক্যের শূন্যস্থানে আছে- (বাংলা)
A). আলো-বাতাসেই
B). জলে- কাদায়
C). তেলে- জলেই
D). খেয়ে- পরেই
সঠিক উত্তরঃ C). তেলে- জলেই,

3) চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে কোনটিতে- (বাংলা)
A). কাঁধ
B). সাঁকো
C). আঁকাবাঁকা
D). কাঁচ
সঠিক উত্তরঃ D). কাঁচ,

4) **Discriminatory'** এর পারিভাষিক শব্দ□ (বাংলা)
A). বৈষম্য
B). বৈষম্যমূলক
C). গরমিল
D). বিশৃঙ্খল
সঠিক উত্তরঃ B). বৈষম্যমূলক,

5) □কাদম্বিনী□ অর্থ- (বাংলা)
A). নদী
B). রাত্রি
C). মেঘমালা
D). নারী
সঠিক উত্তরঃ C). মেঘমালা,

6) □গবাদি□ শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? (বাংলা)
A). গবা+ আদি
B). গো+ আবাদি
C). গো + আদি
D). গবা + দি
সঠিক উত্তরঃ C). গো + আদি,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

7) "সে সৎ, কিন্তু তার ভাই অসৎ।" বাক্যটি- (বাংলা)
A). সরল
B). জটিল
C). যৌগিক
D). মিশ্র
সঠিক উত্তরঃ C). যৌগিক,

8) "করপল্লব" কোন সমাস? (বাংলা)
A). উপমান কর্মধারয়
B). উপমিত কর্মধারয়
C). তৎপুরুষ
D). বহুব্রীহি
সঠিক উত্তরঃ B). উপমিত কর্মধারয়,

9) শাস্ত্রকারেরা গার্হস্থ্য ব্যাপারটিকে কী হিসেবে কল্পনা করেছেন? (বাংলা)
A). হস্ত
B). পদ
C). মস্তক
D). চক্ষু
সঠিক উত্তরঃ C). মস্তক,

10) "অনুবন্ধ" এর সমার্থক শব্দ কোনটি? (বাংলা)
A). অনুরোধ
B). সানুগ্রহ
C). সূত্রপাত
D). অটুট
সঠিক উত্তরঃ C). সূত্রপাত,

11) অলংকারের ধ্বনি- (বাংলা)
A). নিক্কণ
B). মর্মর
C). ঝংকার
D). শিঞ্জন
সঠিক উত্তরঃ D). শিঞ্জন,

12) কোন কোন বর্ণ মিলে "ষ" যুক্তবর্ণটি গঠিত হয়েছে? (বাংলা)
A). ষ্ + ঞ
B). ষ্ + ন
C). ষ্ + ঙ
D). ষ্ + ণ
সঠিক উত্তরঃ D). ষ্ + ণ,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

13) □প্রতিকৃতি□ শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? (বাংলা)
A). সাদৃশ্য
B). বিপরীত
C). ভিন্ন
D). সম্মুখ
সঠিক উত্তরঃ A). সাদৃশ্য,

14) After meal comes mustard' - এর ঠিক অর্থ- (বাংলা)
A). সুখের পর দুঃখ আসে
B). কষ্টে কেষ্ট মেলে
C). নুন আনতে পান্তা ফুরায়
D). যত গর্জে তত বর্ষে না
সঠিক উত্তরঃ C). নুন আনতে পান্তা ফুরায়,

15) □স্মৃতিসৌধ□ শব্দের প্রমিত উচ্চারণ- (বাংলা)
A). সৃতিশোউধ্
B). সৃতিসোউধো
C). সৃঁতিশোউ্ধো
D). সৃঁতিশোউধ্
সঠিক উত্তরঃ C). সৃঁতিশোউ্ধো,

16) □ছোটটি কোথায়?□ বাক্যে □ছোট□ শব্দের শেষে □টি□-র ব্যাকরণিক পরিচয় কী? (বাংলা)
A). বিভক্তি
B). শব্দপ্রত্যয়
C). পদাশ্রিত নির্দেশক
D). অনুসর্গ
সঠিক উত্তরঃ C). পদাশ্রিত নির্দেশক,

17) □ণ□-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান? (বাংলা)
A). পুরোনো
B). ধরন
C). ঝরনা
D). বর্ননা
সঠিক উত্তরঃ D). বর্ননা,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রথম চারটি প্রশ্নের উত্তর দাও (১৮-২১) বার্ধক্য তাহাই□যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে; বৃদ্ধ তাহারাই□যাহারা মায়াচ্ছন্ন নব মানবের অভিনব জয় যাত্রার শুধু বোঝা নয় বিঘ্ন; শতাব্দীর নবযাত্রীর চলার ছন্দে ছন্দে মিলাইয়া যাহারা কুচকাওয়াজ করিতে জানে না, পারে না; যাহারা জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়িয়া পড়িয়া আছে। বৃদ্ধ তাহারাই□যাহারা নব অরুণোদয় দেখিয়া নিদ্রাভঙ্গের ভয়ে দ্বার রুদ্ধ করিয়া পড়িয়া থাকে। আলোক-পিয়াসী প্রাণ চঞ্চল শিশুদের কল কোলাহলে যাহারা বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে, জীর্ণ পুঁথি চাপা পড়িয়া যাহাদের নাভিশ্বাস বহিতেছে, অতি জ্ঞানের অগ্নিমান্দ্যে যাহারা আজ কঙ্কালসার□বৃদ্ধ তাহারাই। ইহাদের ধর্মই বার্ধক্য। বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। বহু যুবককে দেখিয়াছি যাহাদের যৌবনের উর্দির নিচে বার্ধক্যের কঙ্কাল মূর্তি।

18) অনুচ্ছেদটিতে ড্যাস ও হাইফেন চিহ্ন ব্যবহৃত হয়েছে যথাক্রমে- (বাংলা)
A). ৩ বার ও ২ বার
B). ৪ বার ও ১ বার
C). ২ বার ও ৪ বার
D). ২ বার ও ৩ বার
সঠিক উত্তরঃ B). ৪ বার ও ১ বার,

19) □উর্দি□ ও □কুচকাওয়াজ□ শব্দ বাংলা ভাষায় এসেছে যথাক্রমে- (বাংলা)
A). উর্দু ও ফারসি থেকে
B). তুর্কি ও ফারসি থেকে
C). তুর্কি ও উর্দু থেকে
D). আরবি ও ফারসি থেকে
সঠিক উত্তরঃ B). তুর্কি ও ফারসি থেকে,

20) অনুচ্ছেদে ব্যবহৃত নিচের কোনটি নঞ তৎপুরুষ সমাসের দৃষ্টান্ত? (বাংলা)
A). অভিনব
B). অটল
C). নিদ্রা
D). কঙ্কাল
সঠিক উত্তরঃ B). অটল,

21) □বৃদ্ধ□ বিশেষণ পদের বিশেষ্য রূপ- (বাংলা)
A). বৃদ্ধি
B). বৃদ্ধা
C). বৃহৎ
D). বার্ধক্য
সঠিক উত্তরঃ D). বার্ধক্য,

22) □সাব-ইনস্পেক্টরের দ্বিতীয় বউ আমার এক রকম আত্মীয়া।□ □একটি তুলসী গাছের কাহিনী□ গল্পে এ উক্তিটি করেছেন- (বাংলা)
A). মোদাব্বের
B). আমজাদ
C). মতিন
D). কাদের
সঠিক উত্তরঃ D). কাদের,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।

23) চৌচালা টিনের ঘরের টুয়া সুস্পষ্ট।। কলিমদ্দি দফাদার গল্পে ব্যবহৃত টুয়া হচ্ছে -- (বাংলা)
A). কাছারি
B). আস্তানা
C). শীর্ষভাগ
D). আঙিনা
সঠিক উত্তরঃ C). শীর্ষভাগ,

24) সনেট পঞ্চাশৎ কার রচনা? (বাংলা)
A). মাইকেল মধুসূদন দত্ত
B). রবীন্দ্রনাথ ঠাকুর
C). আবদুল কাদির
D). প্রমথ চৌধুরী
সঠিক উত্তরঃ D). প্রমথ চৌধুরী,

25) যেমন হাসতে পারতো ছেলেটা, তেমনি গল্প করার ব্যাপারেও ছিল ওস্তাদ- কার সম্পর্কে বলা হয়েছে? (বাংলা)
A). অপু
B). মোদাব্বের
C). এনায়েত
D). তপু
সঠিক উত্তরঃ D). তপু,

Hasnat Bangla

© 2026 Hasnat Bangla. সর্বস্বত্ব সংরক্ষিত।